5th Year, 1st Issue
Book Fair - 2008

৫ম বর্ষ, ১ম সংখ্যা
বইমেলা - ২০০৮

# স্বকণ্ঠে
## in her own voice

A Sappho Publication

একটি 'স্যাফো' প্রকাশনা

**... for the rights of sexually marginalised women**

# আমাদের কথা

হ্যাঁ - না - হ্যাঁ - না --- হ্যাঁ --- বোধ হয় বুঝতে কারও বাকী নেই যে এই অনিশ্চয়তা কী নিয়ে। ঠিকই ধরেছেন । এই অনিশ্চয়তা এবারের বই মেলা ঘিরে। বইমেলার অবস্থানকে নিয়ে। তা কী আর করা যাবে। আমাদের জীবনটাই তো 'না' আর 'হ্যাঁ'-এর দোলাচল। তবে কি জানেন; 'আমরা', মানে এই 'স্যাফো'-র মানুষেরা 'হ্যাঁ'-কে বড় ভালবাসি। বহু রকমের 'না'-এর প্রতিকূলতাকে 'হ্যাঁ'-এর Positivity-তে পরিবর্তন করাই আমাদের যৌন পছন্দের ভিত্তিতে প্রান্তিক মেয়েদের মানবাধিকার আন্দোলনের মুখ্য উদ্দেশ্য। আর সেইজন্যই বইমেলা হোক বা না হোক, ময়দানে হোক বা মিলনমেলা প্রাঙ্গনে, অথবা সল্টলেক স্টেডিয়ামে, অনান্যবারের মতোই বইমেলা উপলক্ষ্যেই এবারও প্রকাশিত হল "স্বকণ্ঠে"। সেই ২০০৪ সাল থেকে এই মেলা প্রাঙ্গণেই আমরা সরাসরি কথা বলি সাধারণ মানুষের সঙ্গে। কেমন করে ভুলি বইমেলার প্রতিটি ধূলি কণায় আমাদের অস্তিত্ব।

আমাদের বাংলা সাহিত্য অত্যন্ত ধনী এবং সুবিশাল এর পরিসর। কিন্তু বিগত শতাব্দীতে মাত্র কয়েকটি হাতে গোনা ক্ষেত্রে সরাসরি এবং কয়েকটি ক্ষেত্রে অপ্রত্যক্ষভাবে সমকামিতার উল্লেখ পাওয়া যায়। একে তো এই অপ্রতুলতা, তার ওপর ইদানিং লক্ষ করা যাচ্ছে সাহিত্যের নামে বেশ কিছু গল্পে, উপন্যাসে, নাটকে সমকামী চরিত্রগুলিকে কেবল সমাজবিরোধী, মনোরোগী, অমানবিক ও হিংস্র ভাবে উপস্থাপন করা হচ্ছে। আমরা ঠিক জানিনা এটা আমাদের প্রাপ্য কিনা। তবে আমাদের যে কারুর পাকা ধানে মই দেবার অভ্যাস নেই একথা ঠিক। চলচ্চিত্রের সঙ্গে সাহিত্যেও লেসবিয়ান চরিত্রের Negative depiction এমন ইঙ্গিত বয়ে আনে - হয় এই সমস্ত সাহিত্যকার, নাট্যকার ও চলচ্চিত্রকারদের সমকামিতা এবং সমকামী জীবনবোধ সম্পর্কে সঠিক তথ্যের অভাব অথবা এটা তাঁদের কোন বিশেষ উদ্দেশ্যপ্রণোদিত। যদি প্রথমটি হয়, তবে আমরা সানন্দে রাজী তাঁদের সঠিক তথ্য সরবরাহ করে সহযোগিতা করতে। কিন্তু যদি দ্বিতীয়টি হয় তবে আমাদের তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও সমালোচনা রইল। কিন্তু শুধু নেই নেই করে, হা হুতাশ করে অথবা সমালোচনা করে সময় বইয়ে দেওয়ার মতো সময় আমাদের নেই আর তার বিলাসিতাও আমরা দেখাতে পারি না। তাই আমরা প্রকাশ করলাম সমকালীন সমকামী সাহিত্য সিরিজের প্রথম কবিতা সংকলন "মানবী তোমার নাম"। আন্তর্জাতিক মানবাধিকার দিবসে সাফল্যের সঙ্গে পরিবেশন করলাম এক বিষয়ভিত্তিক পথনাটিকা। "না" থেকে "হ্যাঁ"-এর দিকে আর এক পদক্ষেপ।

গত বছরের মত এই বছরও জুন মাসে আমরা আবার আয়োজন করছি দ্বিতীয় লেসবিয়ান গে বাইসেক্সুয়াল ট্র্যান্সজেন্ডার ফিল্ম অ্যান্ড ভিডিও ফেস্টিভ্যাল, 'স্যাফো ফর ইক্যুয়ালিটি' আর 'প্রত্যয় জেন্ডার ট্রাস্ট' এর যৌথ প্রয়াসে। বেশ কিছু দুষ্প্রাপ্য কিন্তু অত্যন্ত প্রাসঙ্গিক ছায়াছবি দেখা যাবে এই চলচ্চিত্র উৎসবে যেগুলি সমকামী জীবনচর্চা ও বোধের নক্‌শী কাঁথা। আবারও মনে করা এবং করানো ; আমরা ছিলাম, আমরা আছি, আমরা থাকবো।

আর একটা সুখবর - আমাদের প্রতিবেশী নেপালের মহামান্য সর্ব্বোচ্চ আদালত (Supreme Court) নেপাল সরকারকে নির্দেশ দিয়েছেন অন্যান্য নাগরিকদের মতোই যৌনপছন্দের ভিত্তিতে প্রান্তিক নাগরিকদেরও সুরক্ষা নিশ্চিত করতে। এমনিতে নেপালে এমন কোনো আইন পরিষ্কারভাবে ছিলনা যা সমকামিতাকে দন্ডনীয় অপরাধ বলে গণ্য করে। কিন্তু "প্রকৃতিবিরুদ্ধ যৌনতা"-র কারণে এক বছর পর্যন্ত কারাদণ্ডের বিধান আছে নেপালী আইনে যা কিনা কুৎসিতভাবে প্রয়োগ করা হয় সমকামী ও রূপান্তরকামী পুরুষদের ওপর। গোটা এশিয়া মহাদেশে যৌন পছন্দের ভিত্তিতে প্রান্তিকীকরণের রাজনীতির প্রেক্ষাপটে নেপালের বর্তমান ঘটনা বিশেষভাবে উল্লেখযোগ্য। ভারতবর্ষের মতোই নেপালেও ঔপনিবেশিকতার ইতিহাস রয়েছে। তা সত্ত্বেও নেপাল কিন্তু সমর্থ হল শেষপর্যন্ত সেই অতি প্রাচীন ব্রিটিশ ঔপনিবেশিক মনোভাব ত্যাগ করে মানবিকতার ডাকে সাড়া দিতে। কিন্তু আমরা যে তিমিরে সেই তিমিরেই। উপরন্তু আরও যেন বেশী করে আঁকড়ে ধরতে চাইছি ভারতীয় সভ্যতা আর ঐতিহ্যের ছুতো করে সেই ব্রিটিশ ঔপনিবেশিকদের ১৮৬০ সালে তৈরী করা অতি প্রাচীন আইন ৩৭৭ ধারাকে, যা নাকি ব্রিটিশরাই কোনোকালে পরিবর্তন করে ফেলেছে ব্রিটেনে। আচ্ছা, আমাদের ভারতীয় সংস্কৃতি কি এতই ঠুনকো যে কিছু সংখ্যক মানুষকে ছোট করে, অবজ্ঞা করে, তাদের ওপর অত্যাচার করে, তাদেরকে দন্ড দিয়ে সরিয়ে না রেখে, তাদের সঙ্গে মানবিক ব্যবহার করলেই সেই সংস্কৃতি ভেঙ্গে খান খান হয়ে যাবে? আমরাও কিন্তু আর পাঁচটা ভারতবাসীর মতোই একই রকম শ্রদ্ধাশীল আমাদের ঐতিহ্যের প্রতি। চলুন না আমরা একসঙ্গে পথ হাঁটি ; আসুন না আমরা একসঙ্গে "হ্যাঁ" বলতে শিখি!

# RECASTING "THE DESIRE TO DESIRE[1]": ENGAGING WITH "IMPOSSIBLE SUBJECTS[2]" IN THE DOMAIN OF SEXUALITY POLITICS

*Nitya Vasudevan*

This paper is an attempt to steer the discussions on lesbianism and homosexuality in certain directions, and it bases itself on the critique that the nineties have given birth to a certain mode in which 'alternative sexuality' operates within politico-representational frameworks, within academic writing, within cinematic narrative. I first borrow the concept of the "impossible subject", through which I foreground practices and lives that are not 'coherent' or 'healthy' in terms of how easily they handle the contradictions offered by their bodies and gender performances; I then point to what I call the isolation of sexuality as a domain of interest/study, which takes place with the emergence of a coherent gay or lesbian subject; I end with an analysis of recent cinematic narratives and their relation to this domain.

### *Impossible Subjects and the Coherence of Identity*

Susie Tharu, in her paper "The Impossible Subject: Caste in the Scene of Desire", analyses the narratives of subjecthood and modernity in two short stories, one Gita Hariharan's "The Remains of the Feast" and the other Baburao Bagul's "Mother" (the latter being a dalit writer). Through her analysis, a critique of the modern Indian subject emerges – the first story deals with a brahmin widow who, in the last stage of her life, indulges her sudden desires, the desire for Coca-Cola, for cakes with eggs in them, for bhel puri, for shaved legs, and other such objects and practices which she was distanced from in the duration of her life. Tharu points out that this story expresses the desire of a 'suppressed spirit' for freedom, her situation as a hindu widow at a certain historical juncture becoming incidental to the story, the terms of the narrative not scrutinizing gendered practices and structures. She consequently identifies the new individual populating narratives – the citizen-subject, "beleaguered by the challenges to its authority that have arisen from the struggles of dalit-bahujans, feminists, socialists and a host of others, and drawn by the offer of equality that is held out by a global (free market) liberalism…" The second story, however, introduces us to quite a different figure – a 'lower-caste' woman who gets widowed and then decides to enter into sex work in order to survive and bring up her young son, who is the protagonist of the story. In this world, there is no subject that can make that smooth shift into a modernity that is unmarked by caste and gender, that consumes to desire, desires to consume. "There can be no leisure in this world that must move to the busy beat of an elsewhere, no time for pause, no occasion for consolidation for reader or story-teller … the subject in this nether world is not 'impossible' simply because agency is an effect of discipline, or because it is in-process … It is impossible

because it is constantly annihilated." The child and his mother are therefore "impossible subjects" because they cannot occupy the place of this citizen-subject. **They are not coherent entities which have resolved the tradition-modernity complex in and through their own bodies and now occupy a zone of comfort and agency.** Their desire is not articulated or expressed through an urgent consumption or appropriation of the objects of transgression-of-tradition (the cake with eggs, Coca-Cola, the red sari). **These figures are "compelled by, but disallowed contract into the feminine or masculine; bodies, therefore, that shuttle, always deficient, always in excess. In brief, as terror in the domain of the citizen-subject."**

**Their liminality, shuttling, is what would perhaps lead us to the risk of the 'incoherence of identity' that Asha Achutan[3] quotes Judith Butler as positing in her paper, with regard to the figure of the hijra,** which, as mentioned before, cannot be fully accommodated by the discourses that seek to co-opt it, so much so that this figure literally terrorizes (through its otherness) the domain of the citizen-subject. The hijra, with her specific practices and performance of gender, represents the incoherence that is foreclosed when the modern subject emerges as stable entity, and this is extendable to other figures as well, kothis, panthis, MSM, F-to-Ms, M-to-Fs, gay men and lesbian women.

### *The Name of Desire and the Isolation of Sexuality as Domain*

As we know, the nineties saw the birth of the concept of *same-sex desire* in the Indian context. In relation to sexuality (as sexual practice), body (as not only the deployed site of this intrinsic sexuality and container of desire, but also as visible presence), subjecthood (subject of speech and politics, subject to the state, the law, the family and other institutions), there was the *production of desire*[4], as a category through which to describe/mark the subject. Desire here has a fixed type of object – someone of the same sex – and this frames the entire discourse around homosexuality. There was a fervent need to provide the context in which this desire could be *spoken, shown, told, remembered*, and so *representation* became central to desire and vice versa.

There are various levels at which *representation* is configured in discourses on sexuality – a) filmic/textual – both in the negative, against the stereotype, and in the positive, as affirming presence; b) the law – attempts to repeal oppressive laws and the protection of the rights of sexual minorities; c) NGOs – representation of various group within organizations; d) representation in terms of the issues that seem to speak for and frame sexuality politics in India. In relation to *Fire*, for instance, representation falls under two broad meanings – there is a 'new' way of representing the lesbian on the screen, she no longer has to hide in the clothes of the stereotyped butch jail warden who molests female prisoners, but can speak her desire; and also that the lesbian is represented within the Indian domestic sphere, and so can now claim a legitimate place within the nation (Lesbian is Indian)[5]. **Desire then seems to come to reside in the body of the Lesbian woman or Gay man, in their sexual practices and in their names** (strangely and importantly, the hijra/the kothi/the panthi is never represented in narratives that focus exclusively on *desire* in relationships or same-sex interactions, narratives on AIDS and sex work and marginalization seem to contain them in terms of representation)

Consequently, there is the production of sexuality as an isolated domain, in which sexuality shrouds everything it is used to describe, bodies, practices, events. While caste as a social category is an external structure that is practiced in the everyday, sexuality goes beyond simple 'practice', it attaches itself to something more intrinsic, it describes itself in terms of desire – "Human sexuality has to do with emotions, ideas and choices, with regard to intimate and bodily relationships, with other men and women, and one's self. These relationships are not merely personal, but possess particular social forms and identities."[6] This is the typical *movement* in theorizing sexuality – from inwards outwards, that sexuality is *not only* the personal emotion, it is *also* social form and identity.[7] The feminist formulation 'the personal is political' cannot be re-applied in a simplistic way with relation to sexuality, because the latter is already 'person-alised' and resides in the body of the individual, the politicization of sexuality invoking this interiority as much as it does the exteriority of structures within which sexuality is regulated.

There is then a curious conjuncture of, on the one hand, the 'language of desire', which seeks to bring what it describes as same-sex desire to the foreground, and, on the other, the 'language of need', created by NGOs, the rise of which puts in place a particular way of framing questions of representation and minoritisation, basically questions relating to the domain of the social.[8] It is in this conjuncture that cinema becomes the privileged representational mode in which to locate a legitimized same-sex desire[9] and it is here that we can now locate some kind of a turn in the ways of imagining a subject of alternative sexuality politics.

### *The Cinematic Turn in the 90s*

In terms of representation, the *stereotype* came in for significant critique in the 90s – films in which 'effeminate' men were caricatured, their clothing, modes of speaking, their weakness and their marginality within the filmic narrative all becoming points of contention. In effect, there was an effort to produce the Indian gay man who was not a 'pansy' and was also not *excluded* from the 'structures of feeling' within a text. This man was not the Anupam Kher in Rahul Rawail's 1991 film *Mast Kalandar*, sporting a pink Mohawk, wearing westernized clothes, and speaking a 'foreign' tongue (English with an accent). This was also not the 'effeminate' comic sidekick portrayed in so many Bollywood, Kollywood, Tollywood films. This was the "speaking subject", the "desiring subject". The female counterpart of the 'effeminate' sidekick was the butch jail warden, who had no visible desire except to harass female prisoners, the heroine in particular. The turn from this figure towards the desiring and individualistic young woman (eg the younger woman in *Fire*, who does not learn her desire from anyone or anywhere else, it seems to come from within her) is a significant shift that takes place at this time.

I argue here that along with the erasure of what is seen as the 'stereotype' also disappears the differences in ways of performing sexuality, differences in masculine and feminine performances, for there is an attempt to produce the 'normal' gay or lesbian body for public consumption, an effort to push the 'freak' or the 'pansy' off the stage. The well-to-do, upper-caste, unmarked gay man or lesbian woman can take centre stage, while other figures exist as shadows (including the kothis, hijras, panthis, F-to-M and M-to-F transgendered who are involved in the day-to-day struggles of police harassment, the occupying of public space, campaigns against criminalization), the hostility of the 'normal' body and its performances positioning them in ways that cannot be spoken by a cinema or **a visibility that seek to do away with that which is not 'coherent'**. This erasure produces the need to go 'back' to studying the stereotype and marking the differences between those bodies on screen and the 90s gay or lesbian bodies, the latter being whole, articulate, individualistic, the former occupying the periphery of the screen, this periphery never allowing them to speak their desire but sometimes positioning them as critics of societal inequality in relation to caste, religion, class. This 'use' of these figures, though highly problematic, needs to be theorized and brought in juxtaposition with the current trends in cinematic representation.

I argue that when it comes to male homosexuality, there is a universalist framework within which that desire and body are placed. The positioning of the gay subject within cinematic narrative always involves a movement away from, a disavowal of, the markers of ethnicity, religion, caste, even gender (in terms of addressing masculinity and femininity); but in relation to the lesbian, there is a movement towards addressing community, religion, morality, thereby marking the woman accordingly in order to then name her as lesbian – in this sense, the practice of linking the female body and subjectivity to a larger collective Indian subject is continued/repeated in these narratives (this is where, perhaps, *Girlfriend* (Karan Razdan 2004) differs from films such as *Fire* (Deepa Mehta 1997) and even *Sancharram* (Ligy Pullapally ) – even in *My Brother Nikhil* (Onir 2004), where sexual practice is almost displaced by concerns of family, morality, health and community acceptance, there is a universalist approach/positioning of (male) sexuality.[10]

*contd. to Page 6*

# অ-পরাজিতা ঃ আইনের চোখে পারিবারিক হিংসা

*কৌশিক গুপ্ত*

"হঠাৎ দরজা খুলে দাদার তিন বন্ধু ঢুকে পড়ল ঘরে। আমি কাজ থেকে ফিরে সবে একটু গা এলিয়ে দিয়েছি বিছানায় – হুড়মুড় করে উঠে বসতে না বসতেই দুজনে আমার হাত চেপে ধরল। তৃতীয়জন আমার দিকে এগিয়ে আসছিল; আমি তারস্বরে চিৎকার করছিলাম — 'দাদা, দাদা'। তখনই দেখি দরজায় আমার দাদা। 'দাদা, দ্যাখ ...' আমার কথা মাঝ পথে আটকে গেছিল; দাদার মুখে একগাল হাসি — 'তোর নাকি শুধু মেয়েদেরই ভাল লাগে? আজ দ্যাখ, আসলে ছেলেরাই একটা মেয়েকে আনন্দ দিতে পারে।' হঠাৎ আমার সব প্রতিরোধ যেন বন্ধ হয়ে গেছিল। হাতে পায়ে কোনো জোর পাচ্ছিলাম না — তিনটে ছেলে আমার ওপর ঝাঁপিয়ে পড়ছে, আর আমার নিজের দাদা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছে! দাদার তিন নম্বর বন্ধু তখন আমার মাথায়, কপালে লেপে দিচ্ছে সিঁদুর! মনে আছে এক মুহূর্তের জন্য যেন গায়ে হাতে পায়ে জোর ফিরে পেয়েছিলাম। এক লাথিতে ছিটকে দিয়েছিলাম সিঁদুরের কৌটো। চোখে সিঁদুর ঢুকে যাওয়ার সুযোগে ছাড়িয়ে নিয়েছিলাম নিজের হাত। ছুটতে ছুটতে ....."

আমি কৌশিক। পেশায় আইনজীবী। দৈনন্দিন কর্মসূত্রে আমাকে বহু ঘটনার কথা শুনতে হয়, শুনতে হয় বহু অত্যাচারের কাহিনী। কিন্তু ডিসেম্বরের ঠান্ডায় হাতে গরম চায়ের কাপ নিয়ে শান্তিনিকেতনের আমবাগানে বসে অপরাজিতার কথা শুনতে শুনতে শিরদাঁড়া দিয়ে একটা ঠান্ডা স্রোত বয়ে গেছিল — হ্যাঁ, আমারও। এক মুহূর্ত চোখ বন্ধ করতেই ভেসে উঠেছিল 'মেঘে ঢাকা তারা'-র সুপ্রিয়াদেবীর মুখ — 'দাদা আমি ... !'

স্যাফো ফর ইক্যুয়ালিটি-র ওয়ার্কশপ চলছিল শান্তিনিকেতনে। আমাকে বলা হয়েছিল ডোমেস্টিক ভায়োলেন্স-এর ওপর একটা সেশন নিতে। সেই বছরই অর্থাৎ ২০০৬-এর অক্টোবর মাসের শেষের দিকে খবরের কাগজে দেখেছিলাম তামিলনাড়ুতে প্রথম অ্যারেস্ট, প্রোটেকশান্ অফ উইমেন ফ্রম ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট-এ। মনে হয়েছিল আবার একটা নতুন আইন! আই পি সি ৪৯৮এ-র খুবই ভুল ব্যবহার আমরা হতে দেখেছি, এই নতুন আইন কী আর এমন বেশী সুবিধা দেবে!

কিন্তু সেই ডিসেম্বরের ঘনিয়ে আসা সন্ধ্যায় অপরাজিতার কথা শুনতে শুনতে মনে হয়েছিল 'ডোমেস্টিক' আর 'ভায়োলেন্স' এই দুটো শব্দেরই মানে বোঝা দরকার — আবার নতুন করে। ৪৯৮-এ শুধু স্ত্রীর সুরক্ষার ব্যবস্থা করে বা একটি বিবাহিতা মেয়েকে তার স্বামী ও শ্বশুরবাড়ীর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করার অস্ত্র দেয়। কিন্তু অত্যাচার কি শুধু স্বামী বা শ্বশুরবাড়ির লোকেরাই করেন? নাকি মেয়েদের ওপর অন্য কোনো বাড়িতে অন্য কোনো সম্পর্কের কোনো মানুষের দ্বারা অত্যাচার হয় না?

"... 'domestic relationship' means a relationship between two persons who live or have, at any point of time, lived together in a shared household, when they are related by consanguinity, marriage or through a relationship in the nature of marriage, adoption or are family members living together as a joint family."

এই প্রথম আমাদের দেশের আইনে দুজন প্রাপ্তবয়স্ক মানুষের 'a relationship in the nature of marriage'– কে স্বীকৃতি দেওয়া হল এবং পরিবার যে শুধুমাত্র বিবাহ সম্পর্কজাত হবে তা নয়, এটাও মেনে নেওয়া হল।

"সোজা চলে গিয়েছিলাম রীতার শ্বশুরবাড়ি। রীতা আমার ছোটবেলার বন্ধু, এই বিপদে সবার আগে ওর কথাই মনে পড়েছিল। তাছাড়া ওর বর পুলিশ হাসপাতালের ডাক্তার। কাঁদতে কাঁদতে রীতার কাছে খুলে বললাম ঘটনাটা। রীতা জানত আমি সমকামী — লেসবিয়ান। কিন্তু ছোটবেলা থেকে তার জন্য আমাদের বন্ধুত্বে কোন সমস্যা হয়নি। কতো ছেলে আর মেয়ের তো বন্ধুত্ব হয় শারীরিক সম্পর্ক ছাড়া। রীতাকে বলেছিলাম ওর বরকে সব জানাতে। পুলিশের সঙ্গে ওঁর এতো চেনা শোনা; নিশ্চয় উনি আমাকে সাহায্য করতে পারবেন। রীতা কিছুক্ষণ ফ্যালফ্যাল করে আমার দিকে তাকিয়ে রইল। তারপর আমাকে জড়িয়ে ধরে কেঁদে ফেলল। আর কাঁদতে কাঁদতে বলল — 'অপু আমি ওকে বলতে পারব না। বলতে পারব না কেন তোর দাদা ওর বন্ধুদের লেলিয়ে দিয়েছে। বলতে পারব না তুই লেসবিয়ান। তাহলে যে আমাকেও সন্দেহ করবে!' অনেকক্ষণ আমাকে জড়িয়ে ধরে কেঁদেছিল। আমি কাঁদতে পারিনি। বুঝতে পারছিলাম একটা একটা করে দরজা বন্ধ হয়ে যাচ্ছে।"

"... respondent means any adult male person who is, or has been, in a domestic relationship with the aggrieved person and against whom the aggrieved person has sought any relief under this act :

Provided that an aggrieved wife or female living in a relationship in the nature of a marriage may also file a complaint against a relative of the husband or the male partner."

নতুন আইনে অবশ্যই অপরাজিতার দাদার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়। কারণ অপরাজিতার সঙ্গে তার দাদার সম্পর্ক 'domestic relationship'-এর অন্তর্গত। যেমন বাবা-মেয়ে, কাকা বা জ্যাঠা বা মামা এবং ভাইঝি বা ভাগ্নী যারা এক বাড়িতে বসবাস করেন এবং অবশ্যই স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন এবং স্ত্রী। এছাড়াও লিভ-ইন পার্টনার বা 'বিয়ের মতো' সম্পর্কে একসঙ্গে থাকা প্রাপ্তবয়স্ক নারী-পুরুষও 'domestic relation'-এ থাকেন।

তাহলে এবার বুঝতে হবে 'domestic violence' কী! "কোন ব্যক্তি যদি তার কোনো কাজের দ্বারা, যিনি তার সাথে domestic relation-এ আবদ্ধ, এমন কোনো মহিলাকে শারীরিক, মানসিক, অর্থনৈতিক বা যৌন নির্যাতন করেন তবে তা 'domestic violence' বা 'পারিবারিক হিংসা'-র সংজ্ঞার আওতায় পড়ে। মজার ব্যাপার হল, এর আগে কখনও আইন 'নির্যাতন'-এর এরকম বিস্তারিত সংজ্ঞা দেবার চেষ্টাই করেনি। নতুন আইনে নির্যাতন বলতে শুধু শারীরিক অত্যাচারই বোঝায় না। শুধু মারধোর করা নয়, বা বাড়ি থেকে বার করে দেওয়া নয়, এমনকি খেতে না দেবার ভয় দেখানো বা প্রিয়জনের ক্ষতি করার হুমকি দেওয়াকেও এই আইন নির্যাতন হিসাবে দেখছে। জীবনধারণের জন্য প্রয়োজনীয় ন্যূনতম অর্থনৈতিক বা অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত করাকেও নির্যাতন হিসাবে গণ্য করা হয় এই আইনে।

"রীতা বা রীতার বর সাহায্য না করলে কি হবে, আমি কিন্তু পুলিশের কাছে গেছিলাম পরদিনই। ভেবেছিলাম পুলিশই আমার শেষ আশ্রয়। কিন্তু থানার ডিউটি অফিসারের সামনে বসে আমার আবার হাত-পা ঠান্ডা হয়ে যাচ্ছিল। জানতে পারলাম আমার দাদা নাকি কাল রাত্রেই ডায়েরি করে গেছে — বোনের চরিত্র খারাপ, বাড়ি থেকে পালিয়েছে। ও.সি. রাউন্ডে বেরিয়েছিলেন। ফিরেই আমাকে দেখে ডিউটি অফিসারের দিকে সপ্রশ্নে তাকাতেই ইনি একগাল হেসে বললেন –'স্যার – ইয়ে — কাল রাতের "ফায়ার" কেস।' ও.সি. আপাদমস্তক ঘৃণা ভরা চোখে আমাকে দেখে বললেন 'সিনেমা দেখেই সমাজটা গোল্লায় গেল।' তখনই আমার ওখান থেকে উঠে পড়া উচিত ছিল, কিন্তু পারিনি। আমাকে জোর করে বসিয়ে রাখা হয়েছিল থানায়, খবর দেওয়া হয়েছিল দাদাকে। দাদা আর বাবা এসে পৌঁছানো অবধি থানাভর্তি পুলিশ আর লক-আপ ভর্তি অপরাধী সবাই আমার দিকে আঙুল তুলে হাসাহাসি করছিল। আমার বাবা-দাদাকে ডিউটি অফিসার খুব বকেছিলেন — 'আপনাদের জন্যই দেশের আজ এই অবস্থা। টেনে দুটো থাপ্পড় মারতে পারেন না?' "

নতুন আইনে পুলিশের কাছে 'domestic violence'-এর অভিযোগ নিয়ে কেউ এলে পুলিশের দায়িত্ব তাকে তার অধিকার সম্পর্কে বিস্তারিত ভাবে জানানো এবং অভিযোগের ভিত্তিতে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া। এখন কোনো নির্যাতিতা শুধু পুলিশ নয়, ম্যাজিস্ট্রেট, সরকার অনুমোদিত প্রটেকশন অফিসার বা সমাজসেবী সংস্থার কাছেও সাহায্যের জন্য যেতে পারেন।

অপরাজিতাকে সেদিন অপমানে মাথা নীচু করে বাড়ি ফিরে যেতে হয়েছিল। আরও মাস ছয়েক পর তার যোগাযোগ হয় স্যাফো-র সঙ্গে। নিজের পায়ে দাঁড়িয়ে বাড়ি ছাড়তে পেরেছিল তারও ৬/৮ মাস পর। আজ এই নির্যাতনের ইতিবৃত্ত তার কাছে পিছনে ফেলে আসা স্মৃতি।

নতুন আইন প্রণয়নের সময় কোনো সমকামী মেয়ের সুরক্ষার কথা ভাবা হয় নি। কিন্তু তা সত্ত্বেও এই আইনের সুযোগ বা সুরক্ষা থেকে বঞ্চিত নন কোনো মহিলাই, তা তিনি সম বা বি-সমকামী যাই হোন। পারিবারিক হিংসার কোনো ঘটনা, তা যে কোনো কারণেই হোক না কেন, শাস্তিযোগ্য অপরাধ। মাননীয় আদালত নির্যাতিতাকে সুরক্ষা দেওয়ার আদেশ দিতে পারেন, তা ছাড়াও তাকে তার বাড়িতে থাকার অধিকারও সুরক্ষিত করতে পারেন। এ ছাড়াও মাননীয় আদালত নির্যাতিতাকে অর্থনৈতিক সাহায্যের নির্দেশ দিতে পারেন। যদি নির্যাতনকারীরা উপরোক্ত কোন আদেশের উল্লঙ্ঘন করেন তাহলে তাদের এক বছর অবধি জেল বা কুড়ি হাজার টাকা অবধি জরিমানা অথবা দুই-ই হতে পারে। অভিযোগকারিণীর একক জবানবন্দিতেই আদালত এই সিদ্ধান্তে আসতে পারেন যে নির্যাতনকারীরা আদালতের আদেশ অমান্য করেছে।

এই আইন যদি সঠিকভাবে প্রয়োগ করা যায় এবং এই সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা যায় তাহলে মেয়েরা সত্যিই হয়ে উঠতে পারে অ-পরাজিতা।

■ *কৌশিক গুপ্ত*

আইনজীবী, স্যাফো ফর ইক্যুয়ালিটির সদস্য ও আইনী পরামর্শদাতা

# MITINI

*Amina Ally*

When travelling to Nepal most foreigners (including myself) first come to know Thamel, Kathmandu. Thamel is a bustling zone of restaurants, retail shops, bars, galleries & other businesses all geared towards the trekker, NGO volunteer, and general tourist. From traditional Tibetan and Nepali crafts to contemporary art, as well as, western style clothing of Freak St established by post-colonial hippies of the 60's and 70's, Thamel is a curiousity shop created with a commercially viable and distinctly 'oriental' gaze. In a country with very little domestic industry and over 70% of goods being imported from India, tourism is the main source of income.[1] So, it is not surprising that Thamel is designed to titilate the foreigner.

Nor is it surprising that Thamel is seemingly untouched by the current politics of Nepal. In an attempt to abolish it's now 200 year old monarchy, Nepal is scheduled to hold Constituent Assembly Elections in November 2007. Despite King Gyanendra's military coup of 2005 which banned free expression, free press and publication rights, suspended the right to assemble peacefully, a pro-democracy movement re-emerged in April 2006.[2] Nepalese courageously took to the streets and hills demanding an end to the King's direct rule of political repression, torture and disappearances. The Constituent Assembly Elections is a result of this pro-democracy movement.

With a tenuous peace agreement between the Maoists and a constantly bickering 7-party government alliance now broken, as well as a King with a murderous history, Nepal is fraught with political strife and insecurity, particularly in the Terai. Despite these dubious conditions for democracy, a pro-democracy movement forges on. Amongst the minority groups in Nepal (women, dalit, janajatis) who are actively fighting for better representation in the new Constitution and Assembly, is the burgeoning Nepalese LGBTI movement. Involved in a historical campaign, the LGBTI are fighting to include the rights of gender and sexual minorites in the new Constitution. If they are successful, they will be the second country in Asia to protect the rights of LGBTI in their constitution.[3] Typically those who are most impacted by gender and sexual violence are the first to take up the fight. Consequently, at the forefront of this subaltern revolution are the *metis/koti*, *tesrolingis/transgendered* and lower caste/class women represented by Blue Diamond Society and Mitini Nepal.

**Blue Diamond Society** founded by Sunil Babur Pant is the first LGBTI organization in Nepal and has been advocating for the rights of gender and sexual minorities since 2001. Part of its organizational mandate is outreach & HIV prevention work, legal advocacy, and documenting human rights violations against LGBTI by security forces. BDS now has drop in centers in 7 cities and networks in 22 small towns outside Kathmandu.[4] Most recently, BDS has been leading the historical campaign to include the rights of gender and sexual minorities in Nepal's new constitution. Some of the campaign's demands include:

- Fundamental constitutional rights to include sexual orientation, gender identity,
- Health condition, and profession
- Citizenship for tesrolingis as tesrolingis
- Same-sex marriage
- Inclusion of gender and sexual minorities in the Constituent Assembly along with the other recognized minorities in the form of proportionate representation.

**Mitini Nepal**, the first Nepalese lesbian group started as a support cell within BDS but found their needs and demands increasing with their visibility. In May 2007, they received funding to begin a separate organization that focuses on the needs of lesbians and bisexual women. In Nepali tradition, 'mitini' means female friendship but these women have imbued a bit of erotic play in the word and tradition. I had the pleasure of meeting these brave and passionate women when I was in Kathmandu in July of this year.

